# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 18 June, 2025

শিক্ষার্থীদের তীব্র প্রতিক্রিয়ার মুখে সিজিপিএ ভিত্তিক ‘ছাত্র পরিষদ’ গঠনের সিদ্ধান্ত থেকে সরে এসেছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) প্রশাসন।

বুধবার (১৮ জুন) বিষয়টি নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজুওয়ানুল হক।তিনি বলেন, ‘সিজিপিএ ভিত্তিক ছাত্র পরিষদ গঠনের সিদ্ধান্ত থেকে সরে এসেছি।আপাতত বিভিন্ন বিভাগের সিআর ও ক্লাব প্রতিনিধিদের নিয়ে অস্থায়ী কমিটি গঠন করা হবে।

এর আগে ১২ জুন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে সিজিপিএ ভিত্তিক ছাত্র পরিষদ গঠনের সিদ্ধান্ত জানানো হয়।৬৯তম রিজেন্ট বোর্ড সভায় অনুমোদিত নীতিমালার ভিত্তিতে ১৭ জুনের মধ্যে সংশ্লিষ্ট অনুষদ ও ইনস্টিটিউট প্রধানদের সদস্যদের নাম পাঠাতে বলা হয়।

এই সিদ্ধান্তকে ‘একপাক্ষিক’ ও ‘অগণতান্ত্রিক’ বলে আখ্যা দিয়ে শিক্ষার্থীরা তীব্র প্রতিক্রিয়া জানান।তাদের অভিযোগ ছিল, কেবল সিজিপিএর ভিত্তিতে নেতৃত্ব নির্ধারণ করলে প্রকৃত ছাত্রনেতৃত্ব উঠে আসবে না।

এর প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের ৮টি বিভাগের শিক্ষার্থীরা ছাত্র পরিষদ বর্জনের ঘোষণা দেন।অবশেষে শিক্ষার্থীদের আন্দোলনের মুখে প্রশাসন সিদ্ধান্ত পরিবর্তন করে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:33

URL: https://www.timestodaybd.com/public/campus/3473775807